দৈনিক খবর

তারিখ ... 18 MAY 1990
পৃষ্ঠা ... ১ - ৮

674

এস এস সি পরীক্ষার ৫ম দিন

# ২ হাজার পরীক্ষার্থী ও ৯ শিক্ষক বহিষ্কার ।। গ্রেফতার ৬ জন

।। স্টাফ রিপোর্টার ।।

গতকাল বৃহস্পতিবার এসএসসি পরীক্ষার ৫ম দিনে ২ হাজার পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বন ও ৯ জন শিক্ষককে নকল সরবরাহের অভিযোগে বহিস্কার করা হয়েছে। এ ছাড়া পুলিশ নকল সরবরাহের অভিযোগে ৬ জন বহিরাগতকে গ্রেফতার করেছে।

সূত্র জানায়, ঢাকা বোর্ডে গতকাল এসএসসি পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার্থীদের নকল সরবরাহ করার অভিযোগে ৫ জন শিক্ষককে কেন্দ্র থেকে বহিস্কার করা হয়েছে। এ বোর্ডে অসদুপায় অবলম্বনের দায়ে ১৩০টি কেন্দ্রে ৪৩৩ জন পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়।

গফরগাঁও-এ ৩ জন, ফরিদপুর ও ফুলবাড়িয়া কেন্দ্রে ১ জন করে শিক্ষককে বহিস্কার করা হয়। এ ছাড়া গাজীপুরে ১৬ জন, নারায়ণগঞ্জে ৮ জন, নরসিংদীতে ৮ জন, মুন্সীগঞ্জে ২২ জন, মানিকগঞ্জে ১৭ জন, টাঙ্গাইলে ৬০ জন, ফরিদপুরে ৪০ জন, মাদারীপুরে ১৭ জন, শরীয়তপুরে ১১ জন, রাজবাড়ীতে ৩০ জন, গোপালগঞ্জে ৩৩ জন, ময়মনসিংহে ৫৮ জন, কিশোরগঞ্জে ৪৭ জন, নেত্রকোনায় ১৮ জন ও শেরপুরে ৪৭ জন পরীক্ষার্থী বহিস্কৃত হয়।

কুমিল্লা থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা আবুল কাশেম জানান, কুমিল্লা বোর্ডের ৩০টি কেন্দ্রে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৩৪৭ জন পরীক্ষার্থী ও ৩ জন শিক্ষককে নকল সরবরাহের দায়ে কেন্দ্র থেকে বহিস্কার করা হয়েছে। এ ছাড়া নকল দিতে গিয়ে পুলিশের হাতে ধরা পড়েছেন ৬ জন বহিরাগত।

বহিস্কৃত শিক্ষকদের মধ্যে বুড়িচং-এ ২ জন ও রায়পুর কেন্দ্রে ১ জন

২-এর পাতায় দেখুন

# দু'হাজার পরীক্ষার্থী

প্রথম পৃষ্ঠার পর

রয়েছেন। তা ছাড়া কুমিল্লায় ৬ জন, বড়ুরায় ৩১ জন, লাঙ্গলকোটে ৯ জন, মুরাদনগরে ৩৩ জন, ব্রাহ্মণপাড়ায় ৬ জন, বুড়িচং-এ ২২ জন, দেবীদ্বারে ২৭ জন, দাউদকান্দিতে ২১ জন, লাকসামে ৪ জন, চৌদ্দগ্রামে ৪৩ জন, হোমনায় ১ জন, ফেঞ্চুগঞ্জে ১ জন, সিলেটে ১৯ জন, কানাইঘাটে ২ জন, জৈন্তায় ৪ জন, বিয়ানীবাজারে ৪ জন, বালাগঞ্জে ১ জন, বিশ্বনাথে ২ জন, লক্ষ্মীপুরে ৫ জন, রামগঞ্জে ১৫ জন, রামগতিতে ৩ জন, হাজীগঞ্জে ৫ জন, ফেনীতে ৮ জন, সোনাগাজীতে ৪ জন, ছাগলনাইয়ায় ৮ জন, পশুরামে ১৬ জন, রাঙামাটিতে ১ জন, শাহরাস্তিতে ২ জন ও চৌমুহনীতে ৩৬ জন পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়।

## যশোর

নকল করার দায়ে যশোর শিক্ষা বোর্ডের ৬টি কেন্দ্র থেকে ৩১ জন পরীক্ষার্থীতে বহিস্কার করা হয়েছে। এ ছাড়া নড়াইল কেন্দ্রে নকল সরবরাহের অভিযোগে ১ জন শিক্ষককে বহিস্কার করা হয়।

বহিস্কৃত পরীক্ষার্থীদের মধ্যে কুষ্টিয়ায় ১২ জন, যশোরে ৯ জন, জীবননগরে ৪ জন, নড়াইলে ৩ জন, লোহাগড়ায় ২ জন এবং কুমারখালীতে ১ জন রয়েছে। কোথায়ও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

## রাজশাহী

সংশ্লিষ্ট বোর্ডের একটি সূত্রে জানা গেছে, গতকাল রাজশাহী বোর্ডের ৮৬টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৭১৭ জন পরীক্ষার্থীকে কেন্দ্র থেকে বহিস্কার করা হয়েছে।

## সিলেট

জেলা প্রতিনিধি জানান, এসএসসি পরীক্ষার ৫ম দিনে সিলেটের বিভিন্ন উপজেলা থেকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১৯ জন পরীক্ষার্থীকে বহিস্কার করা হয় এবং নকল সরবরাহকালে ফেঞ্চুগঞ্জ কেন্দ্র থেকে একজন বহিরাগতকে পুলিশ গ্রেফতার করে।